বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

টেলিফোন ঃ ৭১৬২৬১৪, ৯৫৫৮৬০৭
ফ্যাক্স ঃ- ৯৫৬১২১১
ই-মেইল ঃ md@krishibank.org.bd

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়।

ডিওনং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০১৮-১৯/১৮৪৫ তারিখঃ ২৪-০৬-২০১৯ইং

## অভিনন্দন বার্তা।

প্রিয় সহকর্মীবৃন্দ,

বাংলাদেশ কৃষি ব্যাংক এ ব্যবস্থাপনা পরিচালক হিসেবে আমি যোগদানের পরপরই ব্যাংকটিকে একটি সম্মানজনক অবস্থায় পৌছানোর জন্য বিগত ০৫-০৩-২০১৮ইং তারিখে ডিওনং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০১৭-১৮/৮১৩(১২৫০) এর মাধ্যমে ব্যাংকটি ধারাবাহিক মূলধন ঘাটতি, ক্রমাগত পরিচালন লোকসান, শ্রেণীকৃত ঋণের আধিক্য, প্রভিশন ঘাটতি ইত্যাদিসহ বহুবিধ ঋণাত্মক সূচক হতে উত্তরণ ঘটিয়ে ব্যাংকের সার্বিক ব্যবসায়িক পারফরমেন্স উন্নীত করার জন্য বছরের শুরুতেই পরিকল্পনামাফিক নিবিড় তদারকি, মাঠ পর্যায়ের সকলের অক্লান্ত পরিশ্রম, নিরবচ্ছিন্ন প্রচেষ্টা, আন্তরিকতা ও দক্ষতার সাথে ব্যাংকের যাবতীয় কাজ সম্পাদনের প্রয়োজনীয়তা বর্ণনা করে সব সহকর্মীদের ঐকান্তিক সহযোগিতা কামনা করেছিলাম। ব্যাংকের ব্যালান্সশীট এর আকার বৃদ্ধি ও হিসাবের স্বচ্ছতা নিশ্চিত করণসহ উপরোক্ত ক্ষেত্রে পারফরমেন্স নির্দেশক সমূহ উন্নতির জন্য সকল ব্যবস্থাপকদের সাথে মতবিনিময়ের জন্য একাধিকবার বিভাগীয় সম্মেলন আয়োজন করে প্রত্যেককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এর ধারাবাহিকতায় শুভ হালখাতা-২০১৯ এর সফলতার জন্য ব্যাংকের সর্বস্তরের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদেরকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন এবং সফলতার ধারাবাহিকতা অব্যাহত রেখে বাৎসরিক ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সকলকে আন্তরিক হবার উদাত্ত আহবান জানানো হয়েছিল। উক্ত আহবানে সাড়া দিয়ে ব্যাংকের সার্বিক অবস্থা উন্নয়নের জন্য সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

০২। মধুমেলা-২০১৯ উপলক্ষে বিগত ২০-০৬-২০১৯ইং তারিখে একযোগে ব্যাংকের ১০৩৬টি শাখায় অত্যন্ত সফলভাবে মহাক্যাম্প আয়োজনের মাধ্যমে সংশ্লিষ্ট সপ্তাহে (১৬-০৬-২০১৯ হতে ২০-০৬-২০১৯ পর্যন্ত) শ্রেণিকৃত ঋণ আদায়ের পরিমান ৮৩.৫৫ কোটি টাকা, মোট ঋণ আদায়ের পরিমান ৩৩৭.৮৯ কোটি টাকা, ঋণ বিতরনের পরিমান ৪৪৭.৬০ কোটি টাকা এবং আমানত সংগ্রহের পরিমান ২৪০.৪২ কোটি টাকা। মধুমেলা-২০১৯ উপলক্ষে সংশ্লিষ্ট সপ্তাহের অর্জনে আপনাদের সকলের আন্তরিকতা, নিরলস পরিশ্রম ও সার্বিক কর্ম তৎপরতায় আমি অভিভূত এবং আশান্বিত। মধুমেলা-২০১৯ উপলক্ষে ব্যাংকের সার্বিক সাফল্য আপনাদের সকলের সম্মিলিত অর্জন, এ সফলতা আপনাদের সকলের। এ সফলতার জন্য আমি ব্যাংকের সর্বস্তরের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদেরকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি। সফলতার ধারাবাহিকতা অব্যাহত রেখে আপনাদের প্রিয় প্রতিষ্ঠানকে সম্মানজনক অবস্থানে নিয়ে যাওয়ার জন্য প্রচেষ্টাকে সফল করার জন্য সকলকে আন্তরিকভাবে কাজ করার উদাত্ত আহবান জানাচ্ছি।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংক দীর্ঘ ৪৬ বছরের একটি ঐতিহ্যবাহী ব্যাংক। দেশব্যাপী ১০৩৬ টি শাখার মাধ্যমে পরিচালিত ব্যাংকটির বর্তমান আমানত ২৪৮৭৫.৫৩ কোটি টাকা, ঋণ স্থিতি ১৯৮৬৪.৪৯ কোটি টাকা, যা ব্যাংকের বয়স, শাখা ও স্থাপনার তুলনায় যথার্থ নয়। ব্যাংকের ব্যালান্সশীটের আকার বৃদ্ধি করা সম্ভব না হলে ঐতিহ্যবাহী ব্যাংকটি সফলভাবে পরিচালনা করা সম্ভব নয়। ব্যাংকের ব্যালান্সশীটের আকার বৃদ্ধির লক্ষ্যে চলতি অর্থবছরে ২৮০০০.০০ কোটি টাকা আমানত স্থিতি এবং ২৪০০০.০০ কোটি টাকা ঋণ স্থিতির লক্ষ্যমাত্রাসহ ১৮ টি ব্যবসায়িক লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। "হালখাতা-২০১৯" এবং "মধুমেলা-২০১৯" এর অর্জন ভাল হলেও ২০-০৬-২০১৯ইং তারিখ পর্যন্ত সকল মানদন্ডে অর্জন সন্তোষজনক নয়। বার্ষিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে ব্যাংকের যাবতীয় কর্মকান্ডে অধিকতর গতিশীলতা আনয়নের নিমিত্তে সকলের সদিচ্ছা, বলিষ্ট নেতৃত্ব ও সহযোগিতা একান্ত প্রয়োজন। ব্যাংকটির সম্মানজনক অবস্থান নিশ্চিত করার জন্য শুভ হালখাতা ও মধুমেলা অনুষ্ঠানের সফলতার ধারাবাহিকতা বজায় রেখে প্রদত্ত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করার উদাত্ত আহবান জানাচ্ছি।

চলমান পাতা-০২

০৪। ব্যাংক একটি সেবাধর্মী আর্থিক প্রতিষ্ঠান। সেবা প্রদানের পাশাপাশি মুনাফা অর্জন ব্যাংকের অন্যতম লক্ষ্য। তাই সুদবিহীন ও কমসুদবাহী পর্যাপ্ত কোর (Core) ডিপোজিট সংগ্রহ, অধিক নতুন ঋণ বিতরন, শ্রেণিকৃত ঋণ আদায়, ৫২ স্থগিত সুদ আদায়, Anciliary ব্যবসা সম্প্রসারণ, বৈদেশিক বাণিজ্য ব্যবসা সম্প্রসারনের মাধ্যমে আয় বৃদ্ধি ও নিয়ন্ত্রণযোগ্য ব্যয় হ্রাস করে আগামী ৩০-০৬-২০১৯ইং তারিখে ব্যাংকটিকে লাভের ধারায় ফিরিয়ে আনার কোন বিকল্প নেই। আমার বিশ্বাস, আপনাদের ঐকান্তিক প্রচেষ্টায় আগামী ৩০-০৬-২০১৯ইং তারিখে উল্লেখযোগ্য হারে পরিচালন ক্ষতি কমিয়ে আনা সম্ভবপর হবে।

০৫। সকলের আন্তরিক প্রচেষ্টা ও নিরলস পরিশ্রমের মাধ্যমে ২০১৮-২০১৯ অর্থবছরে আমাদের প্রিয় ব্যাংকটির সকল নির্দেশক একটি সম্মানজনক অবস্থায় পৌছানোই আমাদের লক্ষ্য। শুভ হালখাতা ও মধুমেলার সফলতার ধারাবাহিকতায় অর্থবছরের অবশিষ্ট সময়ে প্রতিটি নির্দেশক শতভাগ অর্জনে নিবিড় তদারকি, প্রত্যেকের কঠোর পরিশ্রম এবং সর্বাত্মক প্রচেষ্টা কাংখিত সফলতা বয়ে আনবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। আর এ লক্ষ্যে আসুন আমরা সকলে মিলে একসাথে কাজ করি। পরিশেষে, আমি সকল সহকর্মীদের ব্যক্তি ও পারিবারিক জীবনে সুখ, শান্তি, সমৃদ্ধি এবং ব্যাংকের সার্বিক সাফল্য কামনা করছি। সবশেষে সবাইকে আবারো আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

শুভেচ্ছান্তে,

(মোঃ আলী হোসেন প্রধানিয়া)
ব্যবস্থাপনা পরিচালক

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

ডিওনং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০১৮-১৯/১৮৪৫ তারিখঃ ২৪-০৬-২০১৯ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

২৪/০৬/১৯

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ